

করোনাভাইরাস এবং দীর্ঘমেয়াদী রোগসমূহ প্রতিরোধের এক আলাদা মাত্রা

যে সমস্ত ব্যক্তি উচ্চরক্তচাপ, ডায়াবেটিস এবং অন্যান্য দীর্ঘমেয়াদী রোগে ভুগছেন তারাই করোনাভাইরাসের আক্রমণের জন্য বিশেষ ঝুঁকিপূর্ণ। এই রোগের বিস্তার রোধ ও জনস্বাস্থ্য প্রতিরক্ষার জন্য আমাদের সকলেরই ভূমিকা আছে।

স্বাস্থ্যসেবা প্রদান কারীদের জন্য পরামর্শ:

- ✓ আপনার সেবাকেন্দ্রে যন্ত্রপাতি জীবাণুমুক্তকরণসহ সকল রোগীদের জন্য মানসম্পন্ন সতর্কতাব্যবস্থা গ্রহণ করুন।
- ✓ ইনফ্লুয়েঞ্জা উপসর্গযুক্ত রোগী আগাম সনাক্তকরণ গুরুত্বপূর্ণ। সম্ভব হলে তাদেরকে একটা আলাদা জায়গায় অপেক্ষা করতে বলুন।
- ✓ আপনার রোগীদের মধ্যে যাদের উচ্চরক্তচাপ, ডায়াবেটিস এবং অন্যান্য দীর্ঘমেয়াদী রোগ আছে তাদের সাথে ফোন বা এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করে চিকিৎসা প্রদানের পরিকল্পনা তৈরী করুন।



- ✓ করোনা ভাইরাসের প্রাদুর্ভাব হওয়া এলাকাগুলোতে নেহায়েত জরুরি দরকার না হলে কিংবা নিজের শরীরে উপসর্গ না দেখা দিলে অহেতুক সংক্রমণ এড়ানোর জন্য রোগীদেরকে সেবাকেন্দ্র এড়িয়ে চলতে বলুন।
- ✓ ইনফ্লুয়েঞ্জা উপসর্গযুক্ত রোগীদের ক্ষেত্রে শ্বাসপ্রশ্বাস সম্পর্কিত সতর্কতা অবলম্বন করুন যাতে ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ করা যায়।
- ✓ আপনার সেবাকেন্দ্রে আসা যে সকল রোগীর রোগ নিয়ন্ত্রণে আছে তাদের জন্য সম্ভব হলে ৬০ -৯০ দিনের ঔষধ দিয়ে দিন।



- ✓ সেবাকেন্দ্রের যেখানে অসুস্থ রোগীরা চিকিৎসা নিচ্ছে সেখান থেকে কিছুটা দূরে দীর্ঘমেয়াদি অসংক্রামক রোগীদের জন্য একটি ভ্রাম্যমান ফার্মেসি করার বিষয়ে বিবেচনা করতে পারেন।

*[https://www.who.int/publications-detail/infection-prevention-and-control-during-health-care-when-novel-coronavirus-\(ncov\)-infection-is-suspected-20200125](https://www.who.int/publications-detail/infection-prevention-and-control-during-health-care-when-novel-coronavirus-(ncov)-infection-is-suspected-20200125)

Resolve to Save Lives হৃদরোগ ও মহামারিজনিত লক্ষ লক্ষ মৃত্যু প্রতিরোধে কাজ করে যাচ্ছে। আরো তথ্যের জন্য www.resolvetosavelives.org এবং www.preventepidemics.org ভিজিট করুন।

RESOLVE
TO SAVE LIVES
AN INITIATIVE OF VITAL STRATEGIES